

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বিমান শাখা
www.mocat.gov.bd

নং- ৩০.০০.০০০০.০১৭.১৮.০১০.১৬-১৩৭

তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০১৮

প্রজ্ঞাপন

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং বিমানের ফ্লাইট/কার্গো হ্যান্ডলিং কার্যক্রম অনলাইনে মনিটরিং এর বিষয়টি যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিতভাবে টেকনিক্যাল কমিটি গঠন করা হলো:

ক্রমিক	নাম ও পদবী	কমিটিতে পদবী
০১.	জনাব মিজানুর রহমান, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), এ মন্ত্রণালয়	আহ্বায়ক
০২.	প্রতিনিধি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল	সদস্য
০৩.	প্রতিনিধি, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ	সদস্য
০৪.	প্রতিনিধি, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড	সদস্য
০৫.	সহকারী প্রোগ্রামার, এ মন্ত্রণালয়	সদস্য-সচিব

২। কার্যপরিধি:

- (ক) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং ফ্লাইট/কার্গো হ্যান্ডলিং কার্যক্রমের বিষয়সমূহ IP Camera এর মাধ্যমে অনলাইনে সচিবালয় হতে তদারকির জন্য সংশ্লিষ্ট যন্ত্রপাতিসহ আনুষঙ্গিক বিষয়াদির চাহিদা নিরূপণ;
- (খ) মন্ত্রণালয়/সংস্থাওয়ারী বাজেট নির্ধারণ ;
- (গ) মন্ত্রণালয়/সংস্থাসমূহের দায়িত্ব নিরূপণ/নির্ধারণ;
- (ঘ) কমিটি আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করবে।
- (ঙ) বিবিধ।
- ৩। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে;
- ৪। গত ১৮/০১/২০১৮ তারিখের ৩০.০০.০০০০.০১৭.১৮.০১০.১৬-৮৫ নং স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।
- ৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/ ০৭.০২.২০১৮
(নিলুফার জেসমিন খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৪৩৫৩
E-mail: biman@moccat.gov.bd

নং- ৩০.০০.০০০০.০১৭.১৮.০১০.১৬-

তারিখ: ০৭ ফেব্রুয়ারি ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা (উপর্যুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
২. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা (উপর্যুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৩. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, কুর্মিটোলা, ঢাকা (উপর্যুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিবের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখসামগ্রী, ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১০. অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১১. যুগ্মসচিব (বিমান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

(নিলুফার জেসমিন খান)
সিনিয়র সহকারী সচিব